দৈনিক বাংলা

তারিখ ... 12-SEP 1989 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

37

## চট্টগ্রাম ভ সিটি শিক্ষা পরিবেশ পরিষদ

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ১০ই সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সভায় শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই পরিষদে ৮টি ছাত্র সংগঠনের ২ জন করে প্রতিনিধি থাকবে। ভাইস-চ্যান্সেলর অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এই সভায় শিক্ষা পরিবেশ পরিষদ গঠন সংক্রান্ত সুপারিশ ও নীতিমালা গ্রহণ করা হয়। ইতিপূর্বে এ ব্যাপারে গঠিত কমিটির শিক্ষা পরিবেশ পরিষদ গঠন ও নীতিমালা সম্পর্কে পেশকৃত ১১টি সুপারিশ অনুমোদন করা হয়।

সভায় পরিবেশ পরিষদে জাতীয়তাবাদী ছাত্রদল ইসলামী ছাত্রশিবির ও ছাত্র সংগ্রাম পরিষদভুক্ত ৬টি ছাত্র সংগঠনের দুজন করে প্রতিনিধি নেয়ার সিদ্ধান্ত হয়।

শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের রূপরেখায় ভাইস-চ্যান্সেলর এই পরিষদের সভাপতি ও প্রক্টর সদস্য সচিব হিসাবে কাজ করবেন।